দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 26 1999 ... ...
পৃষ্ঠা ২০ কলাম ৭ ......

# নাটোর ও সিংড়া সরকারী কলেজে নানা সমস্যা

নাটোর সংবাদদাতা ॥ জেলার দুইটি সরকারী কলেজে নানা সমস্যার কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে। কলেজ দুইটির অফিসসূত্রে জানা যায়, নাটোর এন, এস, সরকারী কলেজে বর্তমানে প্রায় এক হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়ন করিতেছে।

ইহার মধ্যে অনার্সে আছে প্রায় তিন শত জন। কিন্তু ছয়টি বিভাগে শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষার্থীরা যথাসময়ে প্রয়োজনীয় পাঠ গ্রহণ করিতে পারিতেছে না। বর্তমানে বাংলা, দর্শন, গণিত, রাষ্ট্রবিজ্ঞান, উদ্ভিদ ও প্রাণীবিদ্যা বিভাগে একজন করিয়া শিক্ষক নাই। শিক্ষকের শূন্যপদ পূরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো সত্বেও কোন ফল হয় নাই।

কলেজের অভ্যন্তরে নানা সমস্যা। ছাত্র-ছাত্রীদের বহনের জন্য একটি মাত্র বাস প্রায়ই অচল থাকে। শ্রেণীকক্ষে ফ্যান নাই। ল্যাট্রিনের অবস্থা ভাল না। কলেজে ক্যান্টিন নাই। লাইব্রেরীতে পর্যাপ্ত প্রয়োজনীয় বই নাই। চাহিদা অনুযায়ী বই পাওয়া যায় না। কমনরুম আছে, কিন্তু সেখানে খেলার সামগ্রী কম। খেলার মাঠটি নীচু স্থানে। অল্প বৃষ্টিতে পানি জমিয়া যায়। সম্প্রতি কলেজের ছাত্র-ছাত্রীদের বেতন বৃদ্ধি করা হইয়াছে। তদুপরি মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ভর্তির সময় বিজ্ঞানাগার ফি আদায় করা হইয়াছে। পরে অবশ্য কিছু ছাত্র-ছাত্রীকে টাকা ফেরত দেওয়া হইয়াছে।

সিংড়া গোল-ই-আফরোজ সরকারী কলেজেও অভিন্ন সমস্যা বিরাজ করিতেছে। ১৯৭০ সালে প্রতিষ্ঠিত এই কলেজটি ১৯৮৭ সালে সরকারীকরণ হয়। বর্তমানে প্রায় সাড়ে পাঁচশত ছাত্র-ছাত্রী অধ্যয়ন করিতেছে। শিক্ষক আছেন মাত্র ১৭ জন। বাংলা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ব্যবস্থাপনা ও ইংরেজী বিভাগে একজন করিয়া শিক্ষকের মোট পাঁচটি পদ শূন্য আছে। কলেজে উপাধ্যক্ষ নাই। একজন মাত্র অফিস সহকারীর পক্ষে কলেজের দৈনন্দিন কাজ সম্পাদন করা দুরূহ ব্যাপার। ছয়জন পিয়নের মধ্যে আছে মাত্র চার জন। কলেজে মাত্র একজন সুইপার। কোন মালী নাই। প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব আছে। কলেজে নিয়মিত খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয় না। অধ্যক্ষের বাসভবন নাই।